গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ......০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২৪-৭৩০

তারিখ ১৮ ভাদ্র ১৪৩১
২ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়ঃ <u>সরকারি কর্মচারিগণের প্রাধিকার বহির্ভূত গাড়ি ব্যবহার বারিতকরণ প্রসঙ্গে।</u>**

এই মর্মে সরকারের দৃষ্টিগোচর হয়েছে যে, প্রজাতন্ত্রের বেশ কিছু কর্মচারি প্রচলিত বিধি ও প্রাধিকার বহির্ভূতভাবে সরকারি গাড়ি ব্যবহার করছেন। এমনকি, কোন কোন মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক যৌক্তিক কোন কারণ ছাড়াই বিভিন্ন দপ্তর/ অধিদপ্তর/ সংস্থা/ ব্যাংক-বীমা/ কোম্পানী ইত্যাদি প্রতিষ্ঠান হতে অধিযাচন করে গাড়ি আনা হচ্ছে। এছাড়াও, 'প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০২০' এর আওতায় গাড়ির ঋণ সুবিধাপ্রাপ্ত কোন কোন কর্মকর্তা গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ সমুদয় অর্থ (পঞ্চাশ হাজার টাকা) গ্রহণ করার পরও অনৈতিক ও বিধি বহির্ভূতভাবে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের গাড়ি ব্যবহার করছেন। অথচ, উক্ত নীতিমালার ১৭ অনুচ্ছেদে এরূপ অনিয়মের বিষয়টি বারিত করার পাশাপাশি সুস্পষ্ট নির্দেশনা রয়েছে।

২। প্রজাতন্ত্রের কিছু কর্মচারির প্রাধিকার বহির্ভূত গাড়ি ব্যবহারের এরূপ প্রবণতার ফলে একদিকে যেমন জনপ্রশাসনে বিশৃংখলা ও আর্থিক অপচয়ের কারণ ঘটছে, অন্যদিকে তেমনি নৈতিকতার বিষয়টি প্রশ্নবিদ্ধ হয়ে সমাজে প্রজাতন্ত্রের কর্মচারিদের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এতে সরকারের দায়িত্ব সচেতনতা সম্পর্কেও জনমনে প্রশ্নবিদ্ধ ধারণা তৈরি হচ্ছে। সরকার এ ধরণের বিষয়ে অনমনীয় নীতি গ্রহণ করেছে।

৩। বর্ণিতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/ বিভাগ এবং আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের কর্মকর্তাগণের প্রাধিকার বহির্ভূত গাড়ি ব্যবহার কঠোরভাবে বারিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/০৯/২০২৪

(এ কে এম মনিরুজ্জামান)
পরিচালক (প্রশাসন)
+৮৮০-২-৫৫০২৯৪৩৫
section.dir15@pmo.gov.bd

মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর
ডায়েরী নং ২৫৫২
তারিখ ৫/০৯/২৪

অতিরিক্ত সচিব (প্রঃ ও বিধি অনুবিভাগ)
মন্ত্রিপরিষদ বিভাগ
ডায়েরী নং ২৪২
তারিখ ৫/৯/২৪

মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন অধিশাখা
তারিখ ৫/৯/২৪

সাধারণ সেবা-২ শাখা
তারিখ ০৮/০৯/২৪

সিনিয়র সচিব / সচিব

....মন্ত্রিপরিষদ.... মন্ত্রণালয়/ বিভাগ (সকল)

অনুলিপি :

১. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়, ঢাকা

২. .............................................................

৩. মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব-১, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা

৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব ...........................(সকল)

৫. অফিস কপি

বাংলাদেশ সচিবালয়, ঢাকা
মন্ত্রিপরিষদ বিভাগ
গ্রহণ ও প্রেরণ ইউনিট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ সেবা-২ শাখা
www.cabinet.gov.bd

তারিখ: ৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.৪১৯.৯৯.০০২.২৩.৭১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

২৪-০৯-২০২৪
মো: নিকারুজ্জামান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
৯৫১১০৩৮
cs_sec2@cabinet.gov.bd

সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Vehi